গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণগ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেট।
www.publiclibrary.sylhetdiv.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে প্রাতিষ্ঠানিক ব্যবস্থার সূচক ১.২ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ১৮.১১ .২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব দিলীপ কুমার সাহা
প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেট

সভার স্থান : বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেট

তারিখ ও সময় : ১৮.১১.২০২৪ খ্রি. বেলা-১২.০০ টা

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে সভাপতি উক্ত সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল-এর গুরুত্ব সম্পর্কে সভায় বক্তব্য রাখেন। অত:পর সহকারী পরিচালক জনাব সিরাজাম মুনিরা অদ্যকার সভার গুরুত্ব ও কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করতে বলেন। সহকারী পরিচালক জনাব সিরাজাম মুনিরা সভায় জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ অনুযায়ী প্রাতিষ্ঠানিক ব্যবস্থায় অংশীজনের অংশগ্রহণ বৃদ্ধি একটি গুরুত্বপূর্ণ বিষয়। দপ্তরের সকল জনবলসহ সেবা গ্রহণকারীগণ যদি পারস্পরিক সহযোগিতা ও সম্প্রীতির মাধ্যমে সকল কাজ সম্পাদন করে তবে সাফল্য অনিবার্য। গণগ্রন্থাগার হল জনগণের বিশ্ববিদ্যালয় তাই গণগ্রন্থাগার থেকে পাঠকদের তথ্য প্রাপ্তির ও সেবা গ্রহণ বিষয়ে সর্বদা বিভিন্ন বিষয়ে তৎপর থাকতে হবে। বর্তমানে যে সব সুযোগ সুবিধা বলবৎ আছে সেগুলো কি ভাবে আরও সুন্দর ও সহজ ভাবে প্রদান করা যায় এ বিষয়ে সকলের অংশগ্রহণে বিস্তারিত আলোচনা শেষে নিম্নেবর্ণিত মতামতসমূহ উপস্থাপন করা হয়:

| নং | প্রশ্ন উত্থাপনকারীর পরিচয় | মতামত | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | জনাব সাগর দাস পাঠক | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেটে কোন সাইকেল স্ট্যান্ড নেই। যার জন্য পাঠকদের নিয়ে সাইকেল গুলো রাখতে খুব সমস্যা হয়। | প্রস্তাবটি গ্রহণযোগ্য। প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক জানান যে, বাস্তবতার নিরিখে বাজেট বরাদ্দ সাপেক্ষে পদক্ষেপ গ্রহণ করা হবে। |
| ২. | জনাব বাপ্পি চক্রবর্তী পাঠক | পাঠকক্ষে ঘড়ির সমস্যার কথা জানান। সকল পাঠকক্ষে ঘড়ি বিদ্যমান আছে। তবে ব্যাটারি জনিত কারণে বা অন্য কোন যান্ত্রিক ক্রুটির কারণে ঘড়ি সচল না থাকায় পাঠকদের সময় দেখার ক্ষেত্রে সমস্যা হয়। | দ্রুত ঘড়ি মেরামত /নতুন ঘড়ি লাগানো হবে। |
| ৩. | জনাব দীপেন ভৌমিক পাঠক | দো'তলা ও তৃতীয় তলার একটি করে টয়লেটের দরজা লাগানো ও খোলার বিষয়ে সমস্যা হয়। দরজাগুলো মেরামত করা হলে এ সমস্যার সমাধান হবে। | দ্রুত দরজাগুলো মেরামতের পদক্ষেপ গ্রহণ করা হবে। |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮.১১.২৪

দিলীপ কুমার সাহা
প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার
সিলেট
ফোন- ০২৯৯৬৬৩৬১৭০
email- dgpl2005@gmail.com

APA Reso.

নং- ৪৩.২৬.৯১০০.০০০.০৫.০০১.২২. ২৩১৮(২)

তারিখ: ৮.৮.১৪৩১
২৩.১১.২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

১. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার বিষয়ক কমিটি, গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা
২. অফিস কপি।

২৩.১১.২৪

দিলীপ কুমার সাহা
প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার
সিলেট

APA Reso.